# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor : Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | NOVEMBER 2023 | No. 09


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক
গীত ১৩৮:১-৮

১। হে সদাপ্রভু, আমি আমার সমস্ত অন্তর দিয়ে তোমার প্রশংসা করব: "দেবতাদের" সাক্ষাতে আমি তোমার প্রশংসাগান করব।

২। তোমার পবিত্র মন্দিরের উদ্দেশে আমি নত হব এবং তোমার অবিচল প্রেম ও তোমার বিশ্বস্ততার কারণে তোমার নামের প্রশংসা করব, কারণ তুমি তোমার বিধিসম্মত নিয়মাবলি উচ্চে স্থাপন করেছ; যেন তোমার খ্যাতি ছাপিয়ে যায়।

৩। আমি যখন ডেকেছি, তুমি আমাকে উত্তর দিয়েছ; আমার প্রাণে শক্তি দিয়ে আমাকে অতিশয় উৎসাহিত করেছ।

৪। হে সদাপ্রভু, পৃথিবীর সব রাজারা তোমার প্রশংসা করবে, কারণ তারা সকলে তোমার বাক্য শুনবে।

৫। তারা সদাপ্রভুর পথসকলের বিষয়ে গান করবে, কারণ সদাপ্রভুর গৌরব মহান।

৬। সদাপ্রভু মহিমান্বিত হলেও তিনি অবনতদের দিকে দয়ালু দৃষ্টি রাখেন; কিন্তু দাম্ভিকদের তিনি দূর থেকে বুঝতে পারেন।

৭। যদিও আমি সঙ্কটের মধ্যে দিয়ে যাই, তুমি আমার প্রাণ বাঁচিয়ে রাখো। আমার বিপক্ষদের ক্রোধের বিরুদ্ধে তুমি তোমার হাত প্রসারিত করো; তোমার ডান হাত দিয়ে তুমি আমাকে রক্ষা করো।

৮। সদাপ্রভু আমার জন্য তাঁর সকল পরিকল্পনা সফল করবেন, কারণ তোমার বিশ্বস্ত প্রেম, হে সদাপ্রভু, অনন্তকালস্থায়ী। আমাকে পরিত্যাগ কোরো না, কারণ তুমি আমাকে সৃষ্টি করেছ।

# আপনার যুদ্ধ মনোনীত করুন

RECOGNIZE YOUR BATTLE FIELD!



### পাস্টর অ্যাঞ্জেলীন সেলভাকুমারী

সম্প্রতি, আমি আমার পরিবারের সঙ্গে আমার এক বন্ধুর ঘরে গিয়েছিলাম, যার সঙ্গে বেশ কিছু সময় আমার দেখা হয়নি। এই পরিদর্শনের বিষয়টি আমার কাছে এক মহা উত্তেজনায় পরিণত হয়েছিল। যাইহোক, এতো নতুন নতুন রাস্তা হয়েছিল এবং সব কিছু এতো পরিবর্তিত হয়েছিল যে আমি দিক নির্ধারণের জন্য গুগুল মানচিত্রের উপর নির্ভর করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আশ্চর্যভাবে, আমি শেষ পর্যন্ত হারিয়ে গিয়েছিলাম। গুগুল মানচিত্রের উপর সম্পূর্ণ শ্রদ্ধা রেখে, আমি বলতে বাধ্য হচ্ছি, এটি আমাকে সব থেকে ভালো যাত্রাপথ দেখানোর চেষ্টা করছিল, কিন্তু প্রকৃত পথটি আসলে আদর্শ ছিল না। আমি চক্রাকারে ঘুরছিলাম, এবং যেহেতু অনেক দেরী হয়ে যাচ্ছিল, আমি ধৈর্য্য হারিয়ে ফেলেছিলাম।

আমার বিশ্বাস আপনাদের মধ্যে অনেকের এই অভিজ্ঞতা আছে। যখন ট্রাফিক লাইটে অপেক্ষা করতে হয়, তখন আমি বুঝতে পারি না সোজা যেতে হবে না গুগুলের নির্দেশ মতো গাড়ি ঘুরাবো,আমি লক্ষ করেছিলাম গুগুলের প্রস্তাবিত রাস্তাটি খুব সরু। আমি এই সরু রাস্তা দিয়ে গাড়ী চালাতে পারবো কি না সেই বিষয়ে আমি নিশ্চিত ছিলাম না। আমার সন্দেহ দূর করার জন্য আমি আমার সামনে থাকা একজন বাইক আরোহীর কাছে কোন দিকে যেতে হবে জিজ্ঞাসা করার সিদ্ধান্ত নিয়েছিলাম। আমাকে স্বস্তি দিয়ে সে বলেছিল যে সে ঐ স্থানেই থাকে যেখানে আমরা যাচ্ছিলাম এবং সে বলেছিল আমরা যেন তাকে অনুসরণ করি। এটা কত স্বস্তির বিষয় ছিল! এর

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## from your dearly beloved brother...



**করুণা, শান্তি ও ভালোবাসা প্রচুররূপে তোমাদের প্রতি বর্ষিত হোক। – যিহূদা ১:২**

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Bro. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


প্রভু যীশু খ্রীষ্টে প্রিয়তম ভাই ও বোনেরা,

আমাদের সদাপ্রভু ঈশ্বর যীশু খ্রীষ্টের অনুগ্রহ তোমাদের সহবর্তী হোক। আশা করি আপনারা কুশলে আছেন। আমরা অবিরত আপনাদের প্রয়োজনগুলির জন্য প্রার্থনা করি!



সিস্টার সজিনী চেরিয়ান

তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার জন্য তাঁর স্বর্গীয় সমস্ত প্রতিবিধানের জন্য আমরা ঈশ্বরের প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাই। আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক সিস্টার সজিনী চেরিয়ানের জন্য এবং আমাদের আফ্রিকান সহযোগী সম্পাদক ব্রাদার উইলেম জ্যাকোবাস প্রেটোরিয়াসের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই। অনুগ্রহ করে তাদের জন্য এবং আরও অন্য ১৪ জন সহযোগী সম্পাদকের জন্য প্রার্থনা করুন যাঁরা তাদের নিজস্ব জায়গায় কাজ করছেন।



ব্রা.উইলেম জ্যাকোবাস প্রেটোরিয়াস

আমরা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি থেকে ভাল সাড়া পাচ্ছি। প্রভু সারা পৃথিবীর লোকদের জীবন স্পর্শ করছেন। আমরা সকলে কৃতজ্ঞ যে সদাপ্রভু ঈশ্বর তার রাজ্য গড়ে তোলার কাজে আমাদের ব্যবহার করছেন।

যেহেতু আমি আপনাকে ইতিমধ্যেই লিখেছিলাম, আমরা ইদানীং বিভিন্ন ধরণের আত্মিক যুদ্ধের মধ্যে দিয়ে যাচ্ছি। সুতরাং আমরা আপনাদের কাছে আমাদের জন্য প্রার্থনা করার বিষয় বিনতি করছি।

কিন্তু প্রতিকূল আত্মিক পরিস্থিতি থাকা সত্ত্বেও, আমরা আপনার মঙ্গলের জন্য অবিরত প্রার্থনা চালিয়ে যাচ্ছি। যেহেতু পৃথিবীর প্রক্রিয়া দিনের পর দিন পরিবর্তিত হচ্ছে, সেহেতু সারা পৃথিবীর ঈশ্বরের দাস হিসাবে আমাদের সর্বশক্তিমান ঈশ্বরের বিশেষ স্পর্শ এবং সুরক্ষার প্রয়োজন, যাতে আমরা এই পৃথিবীর লোকদের কাছে আমাদের উপরের অভিষেক বিনিময় করতে পারি। আমরা বলতে পারি যে আমরাও আত্মিক যুদ্ধক্ষেত্রের সামনের সারিতে আছি। আমাদের ঈশ্বর যীশু খ্রীষ্ট আমাদের সেনাপতি এবং রক্ষাকর্তা। আমেন।

ঈশ্বর আপনাদের আরও অধিক আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org


Our Ministries: ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) • BIBLECOR - Postal Courses (3 languages) • Media Ministry • Online Courses • Theological Correspondence Courses (2 languages) • Church Planting • Nehemiah Bible Colleges • Gospel Printing Press • Great Commission Partners • St. Paul's Matriculation School • Crusades • Community Development

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

সব থেকে ভাল অংশটি ছিল যে যদিও আমি বাইক আরোহীকে অনুসরণ করছিলাম,আমার নেভিগেশন সিস্টেম অবিরত ভিন্ন যাত্রাপথের নির্দেশ দিচ্ছিল। যাইহোক, আমি ঠিক করেছিলাম আমার নেভিগেশনকে সম্পূর্ণ অগ্রাহ্য করবো কারণ আমি যে ব্যক্তিকে অনুসরণ করছিলাম তার উপর আমার আস্থা ছিল। সে খুব ভালোভাবে রাস্তাটা জানতো এবং সেখানে সে আগেও গিয়েছিল। পথ দেখানোর জন্য বিশ্বাসযোগ্য কাউকে পাওয়া অত্যন্ত স্বস্তির বিষয়।

আপনি কি কখনও চেয়েছিলেন যে আপনার এই ধরণের কেউ একজন থাকুক যে আপনার জীবনকে পথ দেখাবে? যে আপনার হয়ে কঠিন এবং জটিল সিদ্ধান্তগুলো নেবে, এবং আপনাকে যা করতে হবে তা কেবল তাকে অনুসরণ করতে হবে? বিশ্বাস করুন অথবা না করুন, আমাদের একজন এই ধরণের একজন আছেন যাঁর নাম যীশু খ্রীষ্ট। তিনি আমাদের অতীত, বর্তমান এবং তিনি আমাদের ভবিষ্যৎ জানেন। তিনি ইতিমধ্যেই আমাদের আগামীকাল হয়েছেন। আমাদের কাছে কোনও কিছু আসার আগেই তিনি জানেন। এর কারণ জগৎ পত্তনের পূর্বেই তিনি আমাদের মনোনীত করেছিলেন (ইফিষীয় ১:৪)। আমাদের প্রত্যেকের জন্য তাঁর সুন্দর পরিকল্পনা আছে। যেমন যিরমিয় ২৯:১১ পদে সদাপ্রভু ঘোষণা করেছেন, **"কারণ তোমাদের জন্য কৃত পরিকল্পনার কথা আমি জানি, তা হল তোমাদের সমৃদ্ধির পরিকল্পনা, তোমাদের ক্ষতি করার নয়, তোমাদের এক আশা ও ভবিষ্যৎ মঙ্গলদানের পরিকল্পনা।"**

আমাদের জীবনে যাই প্রকাশিত হোক না কেন কোনও ব্যাপার নয়, সর্বশক্তিমান আমাদের জন্য যে পরিকল্পনা স্থির করেছেন সেই পবিকল্পনা নিঃসন্দেহে অনুসৃত হবে। এটি জীবনের উত্তম, চ্যালেঞ্জিং, এবং প্রতিকূল বিষয়গুলিকে সম্পূর্ণরূপে ধারণ করে।

## ১। উত্তম যুদ্ধে প্রাণপণ করো: যোদ্ধা হও দুশ্চিন্তাকারী হয়ো না

এটি স্বীকার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আজ পরিস্থিতিগুলো আমাদের কাছে চ্যালেঞ্জিং, বাধাজনক এবং বিভ্রান্তিকর মনে হলেও, চূড়ান্তভাবে এটি আমাদের জন্য লাভজনক ভাবে কাজ করে। ঈশ্বর আমাদের প্রত্যেককে যোদ্ধা হওয়ার জন্য আহ্বান করেছেন, দুশ্চিন্তাকারী হওয়ার জন্য আহ্বান করেননি। মাঝে মাঝে আমাদের জীবনের পরীক্ষাগুলি আমাদেরকে হতাশার পথে পরিচালিত করে এবং আমরা আমাদের জীবনের উদ্দেশ্য হারিয়ে ফেলি। যাইহোক, আমাদের ভুললে চলবে না যে যীশু খ্রীষ্ট এই পৃথিবীতে এসেছিলেন, ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন, এবং আমাদের কাছে অনন্ত জীবনের বিষয়টি প্রকাশ করার জন্য তিনি পুনরায় উত্থিত হয়েছিলেন। আমাদের বর্তমান জীবন ক্ষণস্থায়ী, যা অনন্তজীবন আসার জন্য একটি প্রশিক্ষণ ভূমি। আমরা এখানে যা কিছুর অভিজ্ঞতা লাভ করি তা **আমাদেরকে তাঁর প্রতিমূর্তিতে স্বরূপান্তরিত করে** (২ করি ৩:১৮)। যেমন ১ তীমথিয় ৬: ১২ পদে পৌল বলেছেন, **আমাদের জীবনের অস্তিত্বের উদ্দেশ্য হচ্ছে অনন্ত জীবনে প্রবেশ করা।** সেই কারণে, আমরা উত্তম যুদ্ধে প্রাণপণ সংগ্রাম করার জন্য আহূত হয়েছি।

পৌলের কথা মতো, "বিশ্বাসের উত্তম যুদ্ধে প্রাণপণ করতে হবে;অনন্ত জীবন ধরে রাখতে হবে; তার জন্য আপনি আহূত হয়েছেন, এবং অনেক সাক্ষীর সাক্ষাতে সেই উত্তম প্রতিজ্ঞা স্বীকার করতে হবে।"

আমরা কীভাবে এই মহৎ যুদ্ধ করতে পারি? এটি একান্তভাবে বিশ্বাসের মাধ্যমে। বিশ্বাস ছাড়া, আমরা ধার্মিক যুদ্ধে লড়াই করতে অক্ষম, এবং এটি ছাড়া, আমরা অনন্ত জীবনকে সুনিশ্চিত করতে পারি না। এর অন্তর্নিহিত অর্থ হচ্ছে আমরা আমাদের অস্তিত্বের উদ্দেশ্য হারিয়ে ফেলি। গীত ১৪৪:১ সুন্দরভাবে ব্যক্ত করেছে, **"ধন্য সদাপ্রভু, আমার শৈল,তিনিই আমার হস্তকে যুদ্ধ শিখান, আমার অঙ্গুলি সকলকে সংগ্রাম শিক্ষা দেন।"** ঈশ্বর হচ্ছেন যুদ্ধের জন্য আমাদের প্রস্তুত করার উদ্দেশে,



ঈশ্বর আমার অঙ্গুলি সকলকে সংগ্রাম শিক্ষা দেন

আমাদের স্বর্গীয় বাহিনীর প্রশিক্ষক এবং সেনাপতি। তিনি হচ্ছেন বাহিনীগণের সদাপ্রভু, তিনি আমাদের জীবনের চ্যালেঞ্জগুলির মোকাবিলা করার জন্য আমাদের শক্তিশালী করেন। যাত্রা ১৫:৩ পদে ঘোষণা করা হয়েছে, **"সদাপ্রভু যুদ্ধবীর; সদাপ্রভু তাঁহার নাম।"** তিনি চান আমরাও তাঁর মতো যোদ্ধা হই এবং আমরা যেন দুশ্চিন্তাকারী না হই। অবশেষে তিনি আশ্বাস দিয়েছেন, আমরা "সর্বজ্ঞ সেনাপতির" পরিচালনার অধীনস্থ। সেই কারণে, আমরা যেন প্রচেষ্টা ত্যাগ না করি! মনে রাখবেন, আমরা একটি যুদ্ধে লড়াই করছি, যে যুদ্ধ, কালভেরী ক্রুশের উপর, আমাদের সদাপ্রভু, ইতিমধ্যেই জয়ী হয়েছেন।

## ২। যুদ্ধের অস্ত্রসমূহ

যুদ্ধে লড়াই করার জন্য, ঈশ্বর আমাদের শক্তিশালী অস্ত্র দিয়েছেন। ২ করিন্থীয় ১০:৪ পদে, আমরা এই অস্ত্রগুলি সম্পর্কে পাঠ করি: **"কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র মাংসিক নহে, কিন্তু দুর্গসমূহ ভাঙ্গিয়া ফেলিবার জন্য ঈশ্বরের সাক্ষাতে পরাক্রমী।"**

এই অস্ত্রগুলি এত শক্তিশালী যে শক্তঘাঁটিগুলিকে ধ্বংস করে দিতে পারে, সেটা হতে পারে পাপ, বন্ধন, অথবা পরম্পরাগত অভিশাপগুলি যা আমাদের ব্যর্থতা অনুভব করায়। আপনি যদি আপনার পরিবারে বার বার একই ধরণের অসুস্থতা অথবা ভগ্নতা দেখেন, তখন আপনি এই অস্ত্রগুলি ব্যবহার করতে পারেন। যীশু খ্রীষ্টের রক্ত ব্যবহার করে বিজয় দাবি করুন যা তিনি আমাদের জন্য কালভেরীর ক্রুশে সেচন করেছিলেন। এখন আমরা অস্ত্র ব্যবহার করবো- ঈশ্বর যিনি আমাদের জীবনের যুদ্ধগুলির বিরুদ্ধে লড়াই করেন।

### সমস্ত যুদ্ধে লড়াই করার প্রয়োজন নেই

যাইহোক, আমাদের উপলব্ধি করতে হবে যে সব যুদ্ধে লড়াই করার প্রয়োজন নেই। কয়েকটি যুদ্ধ অথবা চ্যালেঞ্জগুলো প্রধান সংগ্রামের থেকে আমাদের মনকে বিক্ষিপ্ত করে দেয়। আমাদেরকে আমাদের যুদ্ধগুলোকে বিবেচনার দ্বারা বেছে নিতে হবে। আপনার শক্তি, সময় এবং অবাঞ্ছিত যুদ্ধগুলোতে লড়াই করে আপনার শক্তি নষ্ট

করবেন না। আমরা যদি আমাদের জীবনের বিরুদ্ধে আসা প্রত্যেকটি যুদ্ধে লিপ্ত হই, আমরা ক্লান্ত এবং অবসন্ন হয়ে যাবো। ঈশ্বর আমাদের যে যুদ্ধের জন্য আহ্বান করেছেন আমরা সেই প্রকৃত যুদ্ধে পরাজিত হবো।

## যত বড় আহ্বান তত বড় চ্যালেঞ্জগুলো

ঈশ্বর যখন মহান আদেশের জন্য আপনাকে আহ্বান করেন, তখন সেখানে বিভিন্ন চ্যালেঞ্জ থাকবে যা আপনাকে এটি সম্পূর্ণ করতে দেবে না। যাইহোক, আমরা যদি অতিরিক্ত চ্যালেঞ্জগুলোর দিকে ফোকাস করি, তাহলে আমরা সেই বিষয়গুলোর পশ্চাতে যে আশীর্ব্বাদ আছে তা হারাবো।

১ শমূয়েল পুস্তকে চিত্রিত দাউদ এবং গলিয়াতের গল্পটিতে এই বিষয়টিকে সুন্দরভাবে ব্যাখ্যা করা হয়েছে যে গল্পটি আমাদের সকলের কাছে অত্যন্ত পরিচিত।

এখানে আমরা দেখতে পাই গলিয়াৎ ইস্রায়েলের বাহিনীকে এককভাবে তার সঙ্গে লড়াই করার বিষয় যুক্ত করার চ্যালেঞ্জ জানিয়েছিল। সে ৪০ দিন অবিরত চীৎকার করছিল এবং অভিশাপ দিচ্ছিল, এই ভাবে সে ইস্রায়েলীয়দের মধ্যে ভীতি সঞ্চারিত করেছিলেন। **যখনই ইস্রায়েলীয়রা গলিয়াৎকে দেখছিল, তারা ভয়ে পালিয়ে যাচ্ছিল** (১ শমূয়েল ১৭:২৪)।

যাইহোক, এখন আমরা ১ শমূয়েল ১৭:২৬ পদের বিষয়ে দাউদের প্রতিক্রিয়ার বিষয়টি পরীক্ষা করবো: "**...এই কাফের ফিলিস্তিনীটি কে যে এ জীবন্ত ঈশ্বরের সৈন্যদলকে টিটকিরি দিচ্ছে?**" দাউদ এই ফিলিস্তিনীটির কথাবার্তা সহ্য করতে পারেননি। আমরা যদি ঘনিষ্ঠভাবে তাঁর প্রতিক্রিয়ার বিষয়টি বিশ্লেষণ করি, আমরা দাউদের রণকৌশল পর্যবেক্ষণ করতে পারবো।

তিনি তার সমস্যাটি তার ঈশ্বরের সঙ্গে সংযুক্ত করেছিলেন, তাঁর বিরুদ্ধে কাউকে কথা বলতে দেওয়ার বিষয়টি তিনি অস্বীকার করেছিলেন। দাউদের চোখে, এই যুদ্ধ আর তাঁর নয়, কিন্তু ঈশ্বরের।

প্রায়ই, আমরা আমাদের সংগ্রামগুলোকে নিজের হাতে রাখি এবং লড়াই করি। প্রিয় বন্ধুগণ, আমি আপনাদের যুদ্ধগুলো প্রভুর কাছে সমর্পণ করার জন্য সনির্বন্ধ অনুরোধ করছি, যিনি পরাক্রমী যোদ্ধা। তিনি আপনার হয়ে যুদ্ধ করবেন। দুর্ভাগ্যবশতঃ, আমরা প্রায়ই সব কিছু নিজেরা স্বাধীনভাবে সামলাতে গিয়ে ক্লান্ত হয়ে পড়ি, যা আমাদের অবসন্ন করে তোলে এবং কয়েক সময় এমনকী আমরা আমাদের বিশ্বাস থেকে দূরে চলে যাই।

## ৩। সব কিছু মঙ্গলার্থে কাজ করে

প্রিয় ভাই এবং বোনেরা, দাউদকে যুদ্ধক্ষেত্রে আনার জন্য ঈশ্বরের একটি বিশেষ পরিকল্পনা ছিল। যদিও প্রাথমিকভাবে দাউদের বিশ্বাস ছিল যে সে তার দাদাদের খাবার দিতে এসেছিলেন, ঈশ্বরের একটি স্বর্গীয় পরিকল্পনা ছিল। দাউদকে ইস্রায়েলের রাজা করার এটি ছিল প্রথম পদক্ষেপ। সেই সময় দাউদের এই বিষয় কোনও সংকেত ছিল না। ঈশ্বরের তাঁর জন্য একটি অবিশ্বাস্য পরিকল্পনা ছিল এবং আশীর্বাদ মজুত ছিল, কিন্তু প্রথমে তাঁকে একটি চ্যালেঞ্জ, একটি যুদ্ধের মোকাবিলা করতে হয়েছিল। এটি অনেকভাবে আমাদের জীবনের সঙ্গে মিলে যায়। প্রায়ই আমরা



দাউদ গলিয়াতের সঙ্গে যুদ্ধ করছেন

যুদ্ধগুলোর মধ্যে নিহিত আশীর্বাদগুলোর উপর ফোকাস করার পরিবর্তে যুদ্ধগুলোর দ্বারা আত্মহারা হয়ে যাই।

ঈশ্বর চেয়েছিলেন দাউদ গলিয়াতের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হোক। এটি ঈশ্বরের স্বর্গীয় পরিকল্পনার অংশ ছিল। যাইহোক, শয়তান সর্বদা আমাদের জীবনে ঈশ্বরের পরিকল্পনাকে বাধা দেবার চেষ্টা করে।

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।
ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE REACHING NATIONS
माध्यम: हिन्दी
ATA Regd. Candidate for Membership NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI
सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA
सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान
Certificate in Ministry
Diploma in Theology
योग्यता 10 वी या अधिक
जल्दी करें!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর, ২০২৩)

(অনগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)



## প্রশংসার বিষয়সমূহ

**নভেম্বর ১৯ :** ঈশ্বর আমাদের নহিমিয় কলেজের প্রথম সেমিস্টার সাফল্যের সঙ্গে সম্পূর্ণ করতে আশীর্বাদ করেছেন।

**দিন ২০:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকেআশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২১:** আমাদের হাসপাতাল পরিচর্যায় ঈশ্বরের অলৌকিক কাজের জন্য।

**দিন ২২:** সুসমাচার অপ্রসারিত এলাকায় সুসমাচার সম্প্রসারিত করার জন্য আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলোর রবিবাসরীয় উপাসনাগুলির জন্য।

**দিন ২৩:** বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার প্রচার করার বিষয়ে আমাদের বরিষ্ঠ পালকের অঙ্গীকার বদ্ধতার জন্য।

**দিন ২৪:** আমাদের সমর্পিত সহযোগী সম্পাদকদের আশীর্বাদের জন্য যারা আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিচর্যাকে সাহায্য করছেন।

**দিন ২৫:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৬:** আমাদের নিয়মিত সমর্থকদের জন্য এবং আমাদের পরিচর্যাগুলিতে তাদের সংযুক্ত থাকার জন্য।

**দিন ২৭:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার প্রতি তাদের সমর্পিত জীবনের জন্য আমাদের অফিস এবং প্রিন্টিং প্রেসের কর্মীদের জন্য প্রভুর প্রশংসা হোক।

**দিন ২৮:** আমাদের নতুন ইংরাজী সহযোগী সম্পাদিকা সিস্টার সজিনী চেরিয়ান এবং আফ্রিকান সহযোগী সম্পাদক ব্রাদার উইলেম জ্যাকোবাস প্রিটোরিয়াসকে দিয়ে আমাদেরকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের ইউ টিউব মিডিয়া পরিচর্যার মাধ্যমে সুসমাচার অপ্রসারিত এলাকায় সুসমাচার প্রসার করতে সাহায্য করার জন্য।

**দিন ৩০:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলিতে আরও অধিক সাণ্ডে স্কুল শিক্ষার্থীদের দিয়ে আশীর্বাদ করার জন্য।

**ডিসেম্বর ০১:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের এবং নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষকদের এবং শিক্ষার্থীদের স্বর্গীয় সুরক্ষাসহ আমাদের আশীর্বাদের জন্য।

**দিন ০২:** আরও অধিক শিক্ষার্থী এবং আরও অধিক উদ্যমের সঙ্গে আমাদের আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজের দ্বিতীয় সেমিস্টার শুরু করতে ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ০৩:** আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কার্যকলাপের উপর তাঁর হাতের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ৫:** আমাদের বরিষ্ঠ পালকের তাঁর আত্মজীবনী লেখার সাফল্যের জন্য।

**দিন ৬:** বিশ্বব্যাপী পালকদের এবং মিশনারীদের সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির এটিএ-র স্বীকৃতি লাভের জন্য।

**দিন ৮:** আমাদের সেণ্ট পলস ম্যাট্রিকুলেশ স্কুলের এবং নহিমিয় বাইবেল কলেজগুলোর কর্মীসদস্য এবং শিক্ষার্থীদের জন্য।

**দিন ৯:** পৃথিবীর বয়োসন্ধিকালের শিশুদের এবং যুবক যুবতীদের মধ্য থেকে আত্মহত্যার মানসিকতা দূর করার জন্য।

**দিন ১০:** ঘূর্ণিঝড় এবং ভুমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয়গুলো নিবারণের জন্য।

**দিন ১১:** সমস্ত ধর্মের মধ্যে ঐক্যের জন্য।

**দিন ১২:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সম্প্রসারণের জন্য এবং বিশ্বব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন ১৩:** বাবা মায়েদের তাদের তরুণ তরুণীদের এবং বাচ্চাদের পালন করতে স্বর্গীয় পরিচালনার জন্য।

**দিন ১৪:** বিশ্বব্যাপী সমস্ত খ্রীষ্টিয় পরিচর্যাগুলিতে এক মহা উদ্দীপনার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** ভারতের মনিপুর রাজ্যে শান্তি এবং সংহতি ফিরানোর জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলোর সমস্ত বিশ্বাসীদের স্বর্গীয় সুরক্ষা এবং সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** আমাদের ইউ টিউব পরিচর্যার মাধ্যমে অসংখ্য আত্মাদের পরিত্রাণের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** এই প্রজন্মের যুবক যুবতীদের জন্য এবং শিশুদের জন্য প্রার্থনা করার জন্য যেন আমাদের যুব এবং শিশু পরিষেবার বিশ্ব দর্শনের সঙ্গে আরও অধিক লোকেরা যুক্ত হয়।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

## ৪। মুখ ফিরিয়ে নিতে শেখা!

দাউদ যখন প্রবল আগ্রহ এবং ঐকান্তিকতা সহ লোকদের সঙ্গে কথা বলছিলেন, তিনি একটি কণ্ঠস্বর শুনেছিলেন। ১ শমূয়েল ১৭:২৮ পদে, উল্লেখ করা হয়েছে যে **"দাউদের বড় দাদা ইলীয়াব যখন তাঁকে লোকদের সঙ্গে কথাবার্তা বলতে শুনেছিলেন, তখন তিনি তাঁর প্রতি রাগে অগ্নিশর্মা হয়ে জিজ্ঞাসা করলেন, তুই কেন এখানে নেমে এসেছিস? কার কাছেই বা তুই মরুপ্রান্তরে সেই অল্প কয়েকটি মেষ ছেড়ে এসেছিস?** আমি জানি তুই কত দাম্ভিক আর তোর মন কত দুষ্টুমিতে ভরা;তুই যুদ্ধ দেখতে এসেছিস।" দাউদের প্রতি এই অভিযোগ ছিল অত্যন্ত তীক্ষ্ণ এবং বেদনাদায়ক।

দাউদ বুঝতে পারছিলেন না কেন তাঁর দাদা তার সঙ্গে এরকম ব্যবহার করছিলেন অথবা এইভাবে তাকে অভিযুক্ত করছিলেন। তিনি জিজ্ঞাসা করেছিলেন তিনি কি অন্যায় করেছেন। তিনি প্রশ্ন করেছিলেন তিনি কি কথাও বলতে পারবেন না। স্পষ্টতই, ১৭:২৯ এবং ৩০ পদের উল্লেখ অনুসারে তিনি এই পরিস্থিতি থেকে মুখ ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন। এই পদটি আমার সঙ্গে প্রতিধ্বনিত হয় কারণ কয়েক সময় আমাদের মুখ ফিরিয়ে নিতে অথবা পাশ কাটিয়ে চলে যেতে শিখতে হয়। আমাদের পথে যে সংগ্রামের বিষয়গুলো আসে আমাদের সর্বদা সেই সমস্ত লড়াইয়ে যুক্ত হওয়ার প্রয়োজন নেই।

দাউদের কাছে বিকল্প ছিল যে তিনি সেখানে দাঁড়াতে পারতেন এবং তার দাদার সঙ্গে বিতর্ক করতে পারতেন, মিথ্যা অভিযোগের বিরুদ্ধে আত্মপক্ষ সমর্থন করতে পারতেন। সমস্ত লোকের সামনে তাকে এই ভাবে মিথ্যা দোষারোপ এবং অপমান করার জন্য এটা করার তার পূর্ণ অধিকার ছিল। যাইহোক, দাউদ, লড়াই না করার বিষয় বেছে নিয়েছিলেন। পরিবর্তে তিনি পাশ কাটিয়ে চলে যাওয়া স্থির করেছিলেন।

## ৫। আপনার যুদ্ধক্ষেত্রে সময় নষ্ট করবেন না

প্রিয় বন্ধুগণ, ঈশ্বর আমাদের নির্দিষ্ট পরিস্থিতিগুলো থেকে মুখ ফিরিয়ে নেওয়ার অথবা পাশ কাটিয়ে চলে যাওয়ার সুবিবেচনা দিন। আপনারা সকলে মহত্তর উদ্দেশ্যের জন্য আহূত হয়েছেন, এবং আপনি যা করার জন্য আহূত হয়েছেন সেই কাজ থেকে **'ইলীয়াবের কথাগুলো'** যেন আপনাকে পথভ্রষ্ট না করতে পারে। আমাদের জীবনে 'ইলীয়াবের' সঙ্গে লড়াই করার পরিবর্তে, আমাদের 'গলিয়াতের' সঙ্গে সংগ্রাসে অবতীর্ণ হওয়ার বিষয়ে আমাদের সমস্ত প্রচেষ্টাকে ফোকাস করতে হবে। প্রভুর জন্য বাঁচার উদ্দেশে আমাদের যখন অর্থপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে হয় তখন এই সমস্ত বাধা এবং বিরোধীতার সম্মুখীন হওয়ার বিষয়টি স্বাভাবিক। এই বাধাগুলি ইলীয়াবের মতো লোকদের কাছ থেকে আসতে পারে। যাইহোক, আমরা যদি ইলীয়াবের মতো অভিযোগগুলিকে এবং নেতিবাচক বিষয়গুলিকে আমাদের গ্রাস করতে দিই, তাহলে আমাদের উদ্যম, এবং প্রবল আগ্রহ ফুরিয়ে যেতে পারে।

এখন দেখা যাক ইলীয়াব কী কী অভিযোগ করেছিল:

"তুই কেন এখানে নেমে এসেছিস?"

"কার কাছেই বা তুই মরুপ্রান্তরে সেই অল্প কয়েকটি মেষ ছেড়ে এসেছিস?"

"আমি জানি তুই কত দাম্ভিক আর তোর মন কত দুষ্টুমিতে ভরা।"



ইলীয়াব দাউদকে প্রশ্নগুলি জিজ্ঞাসা করেছিলেন

"তুই যুদ্ধ দেখতে এসেছিস।"

দাউদ যদি এতোগুলি অভিযোগকারী প্রশ্নগুলির উত্তর দিতেন, তাহলে তাকে হয়তো গলিয়াতের পরিবর্তে ইলীয়াবের সঙ্গে লড়াই করতে হতো। তাহলে তাঁর যুদ্ধক্ষেত্রে আসার মূল লক্ষ্যটি সম্পূর্ণ হতো না। ঈশ্বর যখন আপনাকে গলিয়াতের সঙ্গে লড়াই করতে আহ্বান করবেন, তখন ইলীয়াবের সঙ্গে আপনার সময় নষ্ট করবেন না। আপনার যুদ্ধগুলো সুবিবেচনার সঙ্গে বেছে নিন। আমাদের যুদ্ধ জগতের ইলীয়াবদের সঙ্গে নয়,কিন্তু 'গলিয়াতদের সঙ্গে'। পাশ কাটিয়ে চলে যেতে শিখুন!!

....Contd. to page 9


নহিমিয় বাইবেল কলেজ

সাম্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

Registered Candidate for Membership

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Certificate in Ministry

Diploma in Theology

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ

ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

## PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 8.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Services : 8.00 a.m. & 10.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers Review Meeting: 5.30 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Second Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Third Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
**Echo of His Call, Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা

## আহ্বানের প্রতিধ্বনি

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## তাঁর কোনও উদ্দেশ্য তাঁর কাছ থেকে আটকানো যাবে না

## NO PURPOSE OF HIS CAN BE WITHHELD FROM HIM!

১৯৬৯ সালে, আমি যখন প্রভু যীশু খ্রীষ্টকে আমার ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিলাম, আমি পাস্টর এস.দেবাদাসনের পরিচর্যা কাজে যোগদান করেছিলাম, তিনি 'হেরাল্ড অফ হিজ্ কামিং' পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি আমাকে প্রভুর সেবা করার প্রশিক্ষণ দিয়েছিলেন এবং আমি ৩ বছর তাঁর সঙ্গে ছিলাম।



পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং রেভারেণ্ড এস. দেবাদাসন

একদিন রাতে আমি তাঁর সঙ্গে দীর্ঘ সময় ধরে প্রার্থনা করছিলাম। হঠাৎ তিনি আমাকে বলতে শুরু করেছিলেন ভবিষ্যতে এই জগৎ কেমন হবে, এবং ভবিষ্যতে প্রভু আমার মাধ্যমে কী করবেন। তিনি মহান বিষয়গুলি সম্পর্কে বলেছিলেন। সেই সময়,আমি এমনকী সেই বিষয়গুলো সম্পর্কে চিন্তা করতে পারতাম না। ভবিষ্যতে তাঁর কথা মতো মহান পরিচর্যাগুলো করার মতো আমার শিক্ষাগত যোগ্যতা অথবা টাকা অথবা লোক বল কিছুই ছিল না !

আমি তাঁর কাছে আমার অভাবগুলোর কথা ব্যাখ্যা করেছিলাম, "পাস্টর, আমি যদি প্রভুর পরিচর্যা কাজের একজন ক্ষুদ্রতম সেবক থাকতে পারি তাই আমার পক্ষে যথেষ্ট"। তিনি উত্তর দিয়েছিলেন, "একজন সাধারণ লোকের মহত্তম উচ্চতায় ওঠার জন্য দুটি জিনিস প্রয়োজন। সেই বিষয়গুলি হচ্ছে (ক) বিশ্বাস এবং (খ) ১ তীমথিয় ১:১৯ পদ অনুসারে সৎ সংবেদ। তুমি যেমন তোমার নিজের চোখ দুটোকে রক্ষা করো সেই ভাবে তুমি যদি এই বিষয় দুটিকে রক্ষা করো, তাহলে তুমি নিশ্চিতভাবে এই আত্মিক উন্নতিগুলো লাভ করবে, যে বিষয় দুটি আমি এই মাত্র তোমার কাছে উল্লেখ করলাম"। এতোগুলো বছর আমার সমস্ত সামর্থ দিয়ে এই বিষয়গুলির তত্ত্বাবধান করতে প্রভু আমাকে সাহায্য করেছিলেন।

এই প্রতিবেদনটি লেখা শুরু করার ঠিক আগের মুহূর্তে প্রভু আমার সঙ্গে কথা বলেছিলেন। আমি বাকরুদ্ধ হয়েছিলাম এবং আমার কাণে সারাটাক্ষণ আমি তাঁর মৃদুরব শুনতে পাচ্ছি! তিনি আমাকে বলেছিলেন, " হে আমার প্রিয় বৎস, তুমি যেখানে দাঁড়িয়ে আছো সেই বিল্ডিংটার কথা চিন্তা করো। কীভাবে তুমি এটা লাভ করেছিলে? এই বিল্ডিংটিতে এখন যে পরিচর্যাগুলো চলছে সেই বিষয়গুলি চিন্তা করো। একতলায় আধুনিক প্রযুক্তি সহ যে সুসমাচার মুদ্রণ ছাপাখানাটি চলছে সেটি দেখ! তুমি কি কখনও দোতালায় আমার মণ্ডলীতে ২৪ ঘণ্টা যে প্রার্থনা সভা চলছে সেই বিষয় কখনও চিন্তা করেছিলে? তুমি কি কখনও নহিমিয় বাইবেল কলেজ পরিচর্যাগুলো এবং দোতালার অপর দিকে কলেজগুলোর বালক এবং বালিকাদের জন্য যুব পরিচর্যাগুলোর বিষয় চিন্তা করেছিলে? তুমি কি কখনও একতলায় অবস্থিত আহ্বানের প্রতিধ্বনি প্রশাসনিক কার্যালয়ের বিষয় চিন্তা করতে পেরেছিলে?"

"তোমার ক্ষমতার বাইরে পরিচর্যাগুলো সম্পাদন করার জন্য অতীতে এবং এখন তোমাকে সাহায্য করার জন্য এবং আশীর্বাদযুক্ত করার জন্য আমি তোমাকে অনেক হারোন এবং যিহোশূয়কে দিয়েছি, যারা তোমার থেকে অনেক বেশী কার্যকরী এবং জ্ঞানী। যদিও তুমি এই আশীর্বাদগুলোর বিষয় চিন্তা করোনি,আমি সর্বদা তোমার বিষয় চিন্তা করি। আমি যখন তোমাকে আহ্বান করেছিলাম তখন তুমি কেমন ছিল? এখন তুমি কেমন আছো? আমি তোমার পরিচর্যাকে আরও অধিক সম্প্রসারিত করবো। আমার দাস পাস্টর এস. দেবাদাসন তোমাকে যেমন শিক্ষা দিয়েছিলেন, তোমার বিশ্বাস এবং সৎ সংবেদে অবিচল থাকো। যখন তুমি জীবনের কঠোর এবং কঠিন পথগুলোর মধ্যে হাঁটবে তখন হতাশ হয়ো না। তোমাকে যে আহ্বান করেছেন তিনি কি আমি নই? আমি আমার মুখ দিয়ে তোমাকে যা বলেছিলাম, তা আমি নিজ হস্ত দ্বারা সম্পূর্ণ করবো। সাহসী হও এবং কোনও বিষয় উদ্বিগ্ন হয়ো না।"

ঈশ্বর আমার মাধ্যমে যে আশ্চর্য এবং মহান বিষয়গুলি করেন সেই বিষয়ে আমি কয়েক সময় উপলব্ধি করতে পারি না। প্রিয় ভাই, বোনেরা, আপনার নেতাদের বাধ্য হন যাদের ঈশ্বর আপনার উপরে রেখেছেন। জগতের পথগুলো অনুসরণ করে চলবেন না, কিন্তু নেতৃত্বের অধীনে বশীভূত হন এবং আপনার বিশ্বাস এবং সৎ সংবেদ রক্ষা করুন। আপনি যদি ঈশ্বরের এবং আপনার নেতৃত্বের সামনে সত্য হন, তাহলে তিনি আপনার মাধ্যমে মহান বিষয়গুলি করবেন। পরাক্রমী কাজগুলো করার জন্য আপনাকে ব্যবহার করতে কোনও কিছুই ঈশ্বরকে থামাতে পারবে না। আমি কেবল ঈশ্বরকে সমস্ত গৌরব এবং সম্মান দিই।

*******

....Contd. from page 6

## ৬। সামনে ছুটতে শিখুন



কখন আমাদের পাশ কাটিয়ে চলে যেতে হবে এবং কখন আমাদের সামনের দিকে ছুটতে হবে তা আমাদের শেখা প্রয়োজন। ৪৮ পদে, আমরা দেখতে পাই দাউদ গলিয়াতের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য সামনে ছুটে গেছিলেন। যখন সকলে গলিয়াতের কাছ থেকে দূরে ছুটে পালাচ্ছিল, তখন দাউদ তার দিকে ছুটে গেছিলেন। আপনার যুদ্ধ বেছে নিতে শিখুন। নিরুৎসাহের কথাগুলো, অভিযোগের কথাগুলো, মিথ্যা এবং অপমানের কথাগুলো উপেক্ষা করুন, এবং আপনার আহ্বানের উপর ফোকাস করুন। আপনার জীবনের উদ্দেশ্যটি জানুন এবং সেই উদ্দেশ্যের দিকে ধাবিত হন। চেষ্টা ত্যাগ করবেন না!

অনেক ছোট বয়েস থেকেই দাউদ জানতেন কীভাবে তার যুদ্ধগুলোকে বেছে নিতে হবে। সারা জীবন দাউদকে অবিরত যুদ্ধ করতে হয়েছিল, কেবল যুদ্ধ ক্ষেত্রে তাঁর শত্রুদের বিরুদ্ধে নয়, কিন্তু তাঁর ঘনিষ্ঠ পারিবারিক সদস্যদের সঙ্গেও তাঁকে যুদ্ধ করতে হয়েছিল।

## ৭। আপনার যুদ্ধগুলি প্রভুর কাছে দিন

২ শমূয়েল ১৬ অধ্যায়ে, আমরা বৃদ্ধ, পরিপক্ক, ক্লান্ত দাউদকে দেখতে পাই। এখন তিনি তাঁর পুত্র অবশালোমের কাছ থেকে পলায়ন করছেন, যে তাঁর সাম্রাজ্য অধিগ্রহণ করেছে। যে সময় তিনি ভেবেছিলেন এবার তিনি বিশ্রাম গ্রহণ করবেন, নিশ্চিন্ত হবেন এবং তাঁর সন্তানদের উপর নির্ভর করবেন, তখন তাঁকে তাঁর প্রাণ রক্ষার জন্য ছুটে বেড়াতে হচ্ছে! দাউদ শারীরিকভাবে, মানসিকভাবে এবং আবেগ সংক্রান্তভাবে ক্লান্ত এবং অবসন্ন হয়েছিলেন। এই সময়, তাঁর সঙ্গে শৌলের পরিবারের সদস্য শমিয়ির সাক্ষাৎ হয়েছিল, সে ভীষণ খারাপ কথা বলছিল এবং দাউদকে অভিশাপ দিচ্ছিল।



শিমিয়ি দাউদকে পাথর মেরেছিল

**অভিশাপ দিতে দিতে শিমিয়ি বলল, "দূর হ, দূর হ, ওরে খুনি, ওরে বজ্জাৎ ,যাঁর স্থানে তুই রাজত্ব করছিস, সেই শৌলের কুলে তুই যত রক্তপাত করেছিস তার প্রতিফল সদাপ্রভুই তোকে দিয়েছেন। সদাপ্রভু রাজ্যটি তোর ছেলে অবশালোমের হাতে তুলে দিয়েছেন। তুই একজন খুনি বলেই তোর সর্বনাশ হয়েছে"** (২ শমূ ১৬:৭,৮)।

ইস্রায়েলের লোকদের জন্য এবং শৌলের পরিবারের জন্য এত কিছু করার পর দাউদের কেমন অনুভূতি হতে পারে সেই বিষয়ে আপনি কি কল্পনা করেছেন? তথাপি তাঁকে এখনও হত্যাকারী এবং বিশ্বাসঘাতক হিসাবে অভিযুক্ত করা হচ্ছে। দাউদকে যে ব্যাথা এবং মৃত্যুযন্ত্রণার মধ্যে দিয়ে যেতে হচ্ছিল আমি তা কল্পনাও করতে পারি না। হতে পারে আপনি যখন এটা পাঠ করছেন, আপনি বলছেন, "এটা অনেকটা আমার জীবনের মতো! আমি এতো কিছু করার পর, আমাকে যা পেতে হলো তা হচ্ছে গালিগালাজ এবং অভিযোগ। নিশ্চয় আমি এর যোগ্য নই!"

দাউদের জায়গায় অন্য কেউ হলে শিমিয়ির উদ্দেশে চিৎকার করতো অথবা তার সঙ্গে লড়াই করতো, নিজেদের নির্দোষ প্রতিপন্ন করতো। বাস্তবিক, দাউদের একজন লোক বলেছিলেন, **এই মরা কুকুরটি কেন আমার প্রভু মহারাজকে অভিশাপ দেবে? আমাকেগিয়ে ওর মাথাটি কেটে নিয়ে আসার অনুমতি দিন** (২ শমূ ১৬:৯)। কিন্তু দাউদের প্রতিক্রিয়াটি দেখুন। আবার, আমরা দেখতে পাচ্ছি যে দাউদ তাঁর সমস্যা এবং চ্যালেঞ্জগুলি ঈশ্বরের উপর ছেড়ে দিচ্ছেন। তিনি বলেছিলেন, **তাকে অভিশাপ দিতে দাও, হয়তো দেখা যাবে আজ ওর দেওয়া অভিশাপের বদলে সদাপ্রভু আমার দূর্দশা দেখে, আমার কাছে তাঁর নিয়মের অধীনে থাকা আশীর্ব্বাদ ফিরিয়ে দেবেন** (২ শমূ ১৬:১২)। বস্তুত, তিনি ঘোষণা করেছিলেন যে আমি যে যন্ত্রণার মধ্যে দিয়ে যাচ্ছি ঈশ্বর তার প্রতিদান আমাকে দেবেন। ১১ পদে, দাউদ বলেছিলেন হয়তো প্রভু তাকে এটা করতে বলেছেন। অন্যভাবে বলা যায়, তিনি বলছেন, ঈশ্বর এটি হতে দিয়েছেন। আমাদের এই আশ্বাস থাকা প্রয়োজন: "ঈশ্বর আসতে না দিলে আমার জীবনে কোনও কিছুই ঘটবে না, এটি সব শেষে আশীর্ব্বাদ আনবে"।

প্রিয় বন্ধুগণ, এমনকী আমাদের প্রভুকেও তাঁর যুদ্ধগুলো বেছে নিতে হয়েছিল, তাঁকে প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল, বাইবেলে বলা হয়েছে একবার ছাড়া তিনি 'নীরব' ছিলেন। একই ভাবে, আমাদের নীরব থাকতে শিখতে হবে এবং ঈশ্বরকে আমাদের যুদ্ধে লড়াই করতে দিতে হবে।

*******

## জরুরী

আমাদের নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের জন্য ১০০০ হিন্দি ভাষায় রচিত খ্রীষ্টীয় বইয়ের প্রয়োজন। আপনার পক্ষে এই হিন্দি বইগুলি জোগার করা সম্ভব হলে অনুগ্রহ করে আমাদের জানান।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

## পাঠাগারের জন্য পুস্তক প্রয়োজন

আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেসন স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলির পাঠ্যাগারের জন্য হিন্দি, তামিল এবং ইংরাজী বইয়ের প্রয়োজন। আপনার কাছে যদি নতুন অথবা পুরাতন বই ভালো অবস্থায় থাকে এবং আপনি যদি অনুদান হিসাবে দিতে চান, অনুগ্রহ করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ ।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য : ১০০ টাকা** **আজীবন গ্রাহক মূল্য : ২,০০০ টাকা**

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

# ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** NO EMBER 2023
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**